



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

[www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd)



স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০২১/৩১৮

তারিখঃ ৬ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ  
২১সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

জরুরি

জেএসসি পরীক্ষা - ২০২০

পরীক্ষার্থীদের রোল নম্বরসহ অন্যান্য তথ্য পাওয়ার বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশালের আওতাভুক্ত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠান প্রধানদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে-

১। ২০২০ সালের জেএসসি নিবন্ধনধারী শিক্ষার্থীদের নিবন্ধন ভিত্তিক ফরম পূরণের জন্য একাধিকবার বিজ্ঞপ্তি দেয়া হয়েছিল এর পরেও যদি কোনো প্রতিষ্ঠানের বৈধ নিবন্ধনধারী কোনো শিক্ষার্থীর ফরম পূরণ অবশিষ্ট থেকে থাকে তাহলে আগামী ২৩/০৯/২০২১ তারিখ দুপুর ১২টার মধ্যে প্রতিষ্ঠানের প্যাডে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবেদন নিবন্ধনকার্ড -এর সত্যায়িত ফটোকপিসহ বোর্ডের ২১৭ নং কক্ষে জমা দিতে হবে।

২। ২০১৯ সালের জেএসসি পরীক্ষার জন্য নিবন্ধন করেছিল এবং পরীক্ষায় অংশ গ্রহণ করেছিল/অংশ গ্রহণ করেনি/অংশ গ্রহণ করে অকৃতকার্য হয়েছে এমন শিক্ষার্থী যদি কারও প্রতিষ্ঠানে থেকে থাকে এবং সে ২০২১ সালে নবম শ্রেণিতে ভর্তি হয়ে থাকে তাহলে তার নিবন্ধনকার্ড/প্রবেশপত্র / টেলুশনসীটের ফটোকপিসহ উপরে বর্ণিত ১নং ক্রমিকের ন্যায় আগামী ২৩/০৯/২০২১ তারিখ দুপুর ১২টার মধ্যে বোর্ডে জমা দিতে হবে। এর পর কোনো অবস্থাতেই আর কোনো আবেদন গৃহীত হবে না।

উল্লেখ্য ক্রমিক ১ ও ২ এর মধ্যে (যার জন্য যেটি প্রযোজ্য) পূর্বে অত্র শিক্ষা বোর্ডে কোনো আবেদন জমা দিয়ে থাকলে তার আর আবেদন করার প্রয়োজন নাই।

চেয়ারম্যানের নির্দেশক্রমে

*Signature* ২১.০৯.২০২১

অরুণ কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)